



## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬  
ফ্যাক্সঃ ৫৮০৫৫১৯৪  
[www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd)

স্মারক নংঃ ২৫.৪৪.২৬০০.০০০.০৬.০৬০.১৬-পিও- ২৮

তারিখঃ ০৪/১১/২০২৫

### রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (এইচবিআরআই) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গৃহায়ন ও নির্মাণ বিষয়ক জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এইচবিআরআই গবেষণা খাতের আওতায় অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত বিভাগের অধীনে ফেলোশীপ প্রদান করা হবে;

ক্রমিক নং	বিভাগের নাম	ফেলোশীপ সংখ্যা
০১	মৃত্তিকা বিভাগ	০১ (এক) টি
০২	গৃহায়ন বিভাগ	০১ (এক) টি
০৩	নির্মাণ ও কাঠামো বিভাগ	০১ (এক) টি

উক্ত ফেলোশীপের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ছকে সুনির্দিষ্ট গবেষণা প্রকল্প প্রস্তাবনাসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ কোনক্রমেই ০২ (দুই) বছরের অধিক হবেনা।

#### শর্তাবলীঃ

১. নূন্যতম যোগ্যতাঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশল/ স্থাপত্য/ সয়েল মেকানিক্স এন্ড ফাউন্ডেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রী।
২. শিক্ষার কোনো স্তরে তৃতীয় শ্রেণী গ্রহণযোগ্য নয়।
৩. স্নাতক পর্যায়ে প্রথম শ্রেণী এবং স্নাতকোত্তর গবেষণা/ থিসিস গুণের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৪. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থা অথবা বেসরকারী কোন প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে এইচবিআরআই ফেলোশীপের জন্য বিবেচনা করা হবে না।
৫. প্রার্থীর বয়স ২৬-১১-২০২৫ তারিখে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা ও বয়স শিথিলযোগ্য।
৬. সর্বসাকুল্যে মাসিক ভাতার পরিমাণ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)।
৭. আবেদন ফরম নিম্ন-স্বাক্ষরকারী দপ্তর হতে সরাসরি অথবা [www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd) ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য অত্র অফিসে যোগাযোগ করা যেতে পারে।
৮. আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে। আবেদনপত্র সরাসরি/ডাকযোগে ২৬-১১-২০২৫ তারিখের মধ্যে প্রজেক্ট অফিসার, হাউজিং এন্ড রিসার্চ ইনস্টিটিউট বরাবর পৌঁছাতে হবে।
৯. নিয়োগপ্রাপ্ত ফেলো প্রস্তাবিত সময়ের পূর্বে চাকুরী হতে ইন্তফা প্রদান করতে চাইলে তাকে অবশ্যই প্রস্তাবিত প্রকল্পটির সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং প্রজেক্ট কমপ্লিশান রিপোর্ট দাখিল করতে হবে।
১০. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা পরিবর্তন করতে পারবেন।

*Abdul*  
04.11.25

(মোঃ ইবনুল ওয়ারাহ)  
প্রজেক্ট অফিসার (অ. দা.)  
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট